RECOVERY-RS
RESPIRATORY SUPPORT

WARWICK | University Hospitals Birmingham NHS Foundation Trust | QUEEN'S UNIVERSITY BELFAST | intensive care society | NIHR National Institute for Health Research

হাসপাতালের নাম:

কেন্দ্রের নম্বর:

গবেষণার নম্বর:

অংশগ্রহণকারীর তথ্য সম্বলিত শীট

প্রকল্পের শিরোনাম: রিকভারি-RS রেস্পিরেটরি সাপোর্ট: কোভিড-19 এ শ্বাসযন্ত্রের কৌশলসমূহ; CPAP, হাই-ফ্লো এবং স্ট্যান্ডার্ড সেবা

আপনাকে এই লিফলেটটি পড়তে ও বিবেচনা করতে দেওয়া হয়েছে কারণ আপনি কোভিড-19 এ আক্রান্ত হয়ে বা সন্দেহভাজন কোভিড-19 রোগী হিসেবে হাসপাতালে ভর্তি হয়েছে এবং আপনার অক্সিজেনের মাত্রা যথেষ্ট রাখার জন্য সাহায্যের প্রয়োজন হয়েছিল।

আমরা আপনার মতো রোগীদেরকে একটি পরীক্ষায় অংশোগ্রহণ করার জন্য আমন্ত্রণ জানাচ্ছি যা ইংল্যান্ড, স্কটল্যান্ড, ওয়েলস এবং নর্দার্ন আয়ারল্যান্ড জুড়ে চলছে। কম অক্সিজেন মাত্রার কোভিড-19 আক্রান্ত লোকের চিকিৎসার জন্য আমরা তিনটি ভিন্ন মাধ্যম (CPAP, HFNO বা সাধারণ সেবা) পরীক্ষা করছি। অক্সিজেনের মাত্রা পর্যাপ্ত রাখতে এবং রোগীকে শ্বাস-প্রশ্বাসে বাড়তি সাহায্যের প্রয়োজন থেকে বিরত রাখতে কোন চিকিৎসাটি সবচেয়ে ভালো তা আমরা বের করতে চাই। তিনটি চিকিৎসাই NHS-এর মধ্যে সাধারণভাবে ব্যবহৃত হচ্ছে।

A) কন্টিনিউয়াস পজিটিভ এয়ারওয়ে প্রেশার (CPAP): এই চিকিৎসায় শক্তভাবে লাগানো একটি ফেস মাস্কের মাধ্যমে ধারাবাহিকভাবে হালকা থেকে উচ্চ বায়ুচাপ প্রয়োগ করা হয়। এটি এমন ব্যক্তিদের মধ্যে শ্বাসনালীগুলি ধারাবাহিকভাবে উন্মুক্ত রাখে যারা নিজেরাই স্বাভাবিকভাবে শ্বাস নিতে সক্ষম তবে শ্বাসনালীটি পরিষ্কার রাখতে যাদের সহায়তা প্রয়োজন।

B) হাই ফ্লো নাজাল অক্সিজেন (HFNO): এটি নাকের মধ্যে টিউবের মাধ্যমে আর্দ্রতাযুক্ত (আর্দ্র) এবং উষ্ণ অক্সিজেন দেওয়ার একটি উপায়। যে সকল রোগীর অক্সিজেনের মাত্রা কম এবং যাদের নিজ থেকে শ্বাস নিতে অসুবিধা হয় তাদেরকে সাহায্য করতে খুব দ্রুত অক্সিজেন সরবরাহ করা হয়।

C) স্ট্যান্ডার্ড সেবা: স্ট্যান্ডার্ড সেবায় নাকের একটি সাধারণ মাস্ক বা টিউবের মাধ্যমে অক্সিজেন সরবরাহ করা হবে।

আপনি যদি পরীক্ষায় অংশ নেন তাহলে আপনাকে নিয়মিত অক্সিজেন থেরাপিযুক্ত স্ট্যান্ডার্ড সেবা, কন্টিনিউয়াস পজিটিভ এয়ারওয়ে প্রেশার (CPAP) অথবা হাই ফ্লো নাজাল অক্সিজেন (HFNO)-এর চিকিৎসা গ্রহণের জন্য এলোমেলোভাবে নির্বাচিত করা হবে। এখন আমরা আপনাকে এই তথ্য সম্বলিত শীটে বর্ণিত ক্লিনিক্যাল প্রক্রিয়াগুলির ব্যাপারে এবং আপনার কিছু ব্যক্তিগত তথ্য সংগ্রহ, রেকর্ড এবং সংরক্ষণ করার ব্যাপারে আপনার সম্মতি চাচ্ছি যা আমাদেরকে রোগীরা কীভাবে

গবেষণায় সাড়া দেয় এবং প্রতিটি চিকিৎসা তাদের জন্য কতটা ভালো কাজ করে তা বিশ্লেষণ করতে সহায়তা করবে।

হাসপাতালের একজন সদস্য আপনার সাথে এই তথ্য নিয়ে আলোচনা করবেন। আমরা আরেকটি বিস্তারিত তথ্য সম্বলিত লিফলেট প্রস্তুত করেছি যা আপনি হয় অনলাইন (https://warwick.ac.uk/fac/sci/med/research/ctu/trials/critical/recovery-rs/patients/) এ পড়তে পারেন অথবা আপনি কোনো কর্মীকে একটি কপির জন্য বলতে পারেন। এতে চিকিৎসার বিবরণ রয়েছে এবং আমরা কীভাবে আপনার তথ্য ব্যবহার করবো সে সম্পর্কে বিস্তারিত তথ্য রয়েছে। প্রশ্ন করার জন্য আপনাকে স্বাগতম।

আমাকে কি অংশগ্রহণ করতে হবে?

আপনাকে অংশ নিতে সম্মত হতে হবে না। আপনি যদি গবেষণায় অংশ না নেওয়ার সিদ্ধান্ত নেন তবে এটি কোনোভাবেই আপনার চিকিৎসা বা সেবা প্রাপ্তিকে প্রভাবিত করবে না। আপনি যদি আজ অংশগ্রহণ করতে চান, যেকোনো সময় কোনো কারণ না দেখিয়ে অথবা আপনার অধিকারকে প্রভাবিত না করে আপনি আপনার ইচ্ছা পরিবর্তন (প্রত্যাহার) করে নিতে পারেন।

পরে যদি আপনি অংশ না নেওয়ার সিদ্ধান্ত নেন সেক্ষেত্র আমরা আপনার সম্পর্কে আর কোনো তথ্য সংগ্রহ করবো না। আপনি গবেষণা থেকে নিজেকে প্রত্যাহার করার আগে ইতোমধ্যে সংগৃহীত তথ্যগুলি আমরা রাখব। এর কারণ হলো গবেষণাটিকে নির্ভরযোগ্য করার জন্য আমাদেরকে নির্দিষ্ট উপায়ে আপনার রেকর্ডগুলি পরিচালনা করতে হবে। এছাড়াও এর অর্থ এই যে আমরা আপনার সম্পর্কে আমাদের কাছে থাকা তথ্য আপনাকে দেখতে বা পরিবর্তন করতে দিতে পারব না। আপনি যদি এই গবেষণায় অংশ নিতে সম্মত হন তাহলে আমরা যে তথ্য সংগ্রহ করবো তা ভবিষ্যতের প্রকল্পগুলির জন্য অন্যান্য গবেষণা দলের সাথে ভাগাভাগি করা হতে পারে।

এরপর কী হবে?

গবেষক দলের একজন সদস্য আপনার সাথে গবেষণাটি নিয়ে আরও আলোচনা করবেন। আপনার কোনো প্রশ্ন থাকলে তিনি সেগুলির উত্তর দেবেন। সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে আপনার কোনো তাড়াহুড়া নেই। একবার সিদ্ধান্ত নিয়ে নিলে, গবেষককে কেবলমাত্র সেটি জানাতে হবে।

অংশ নেওয়ার সম্ভাব্য সুবিধা এবং ঝুঁকিগুলি কী কী?

হাই ফ্লো নাজাল অক্সিজেন এবং CPAP উভয়ের প্রত্যাশিত সুবিধা হলো তারা আপনার ফুসফুসে অক্সিজেন সরবরাহকে উন্নত করে। এটি আপনাকে আরও ভালো এবং শ্বাসকষ্ট কম বোধ করতে সহায়তা করতে পারে। এটি আপনাকে একটি সাধারণ অ্যানেসথেটিকের অধীনে এবং একটি ভেন্টিলেটরে রাখার প্রয়োজন এড়াতেও সহায়তা করতে পারে।

কিছু লোক হাই ফ্লো নাজাল অক্সিজেন এবং CPAP উভয়েরই অনুভূতি পছন্দ করে না। উদাহরণস্বরূপ, তারা মানুষকে আবদ্ধভাব বোধ করাতে পারে। CPAP আপনাকে অসুস্থ বোধ করাতে পারে, আপনার বমির কারণ হতে পারে এবং আপনার নাক ও মুখের চারপাশে চাপের কারণে কিছুটা ঘা সৃষ্টি করতে পারে। যদি আপনি এই অভিজ্ঞতাগুলির সম্মুখীন হন তাহলে চিকিৎসা বন্ধ করা যেতে পারে।

যদি আপনাকে স্ট্যান্ডার্ড মাস্কের মাধ্যমে অক্সিজেন গ্রহণ করতে বা আস্তে আস্তে আপনার নাকে অক্সিজেন প্রবেশ করানো হয় তবে মুখ/ নাকের শুষ্কতা বা আবদ্ধ অনুভূতি ছাড়া কোনো সমস্যা হওয়ার সম্ভাবনা নেই।

গবেষণাটি কে পরিচালনা করছে?

ওয়ারউইক ইউনিভার্সিটির অধ্যাপক গ্যাভিন পারকিন্স এবং কুইনস ইউনিভার্সিটি বেলফাস্টের অধ্যাপক ড্যানি ম্যাকউলির নেতৃত্বে একদল ক্লিনিশিয়ান এবং বিজ্ঞানী এই গবেষণাটি পরিচালনা করেছেন।

এই গবেষণাটি কে পর্যালোচনা করেছে?

এই গবেষণাটি স্বাধীন NHS রিসার্চ এথিক্স কমিটি (লন্ডন - ব্রাইটন ও সাসেক্স রিসার্চ এথিকস কমিটি এবং স্কটল্যান্ড A রিসার্চ এথিক্স কমিটি) এবং হেলথ রিসার্চ অথরিটি দ্বারা পর্যালোচিত হয়েছিল এবং অনুকূল একটি মতামত পেয়েছিল।

আপনার সম্পর্কিত তথ্য আমরা কীভাবে ব্যবহার করবো? আমার এই গবেষণায় অংশ নেওয়া কি গোপন রাখা হবে?

ওয়ারউইক ইউনিভার্সিটি এই গবেষণার জন্য তথ্য নিয়ন্ত্রক হিসেবে কাজ করবে এবং আপনার তথ্য নিয়ন্ত্রণ এবং এটি সঠিকভাবে ব্যবহার করার জন্য দায়বদ্ধ থাকবে। এই গবেষণার জন্য আমরা আপনার মেডিকেল রেকর্ড, GP রেকর্ড, অন্যান্য NHS ডেটা উৎস এবং ইনটেনসিভ কেয়ার ন্যাশনাল অডিট অ্যান্ড রিসার্চ সেন্টার থেকে তথ্য ব্যবহার করবো। জাতি ও জাতিগত ডেটা সংগ্রহ করা হবে। ওয়ারউইক ইউনিভার্সিটির নির্দেশাবলী মেনে হাসপাতালের কর্মীরা এবং ওয়ারউইক ইউনিভার্সিটির কর্মীরা এই গবেষণার জন্য আপনার মেডিকেল রেকর্ড থেকে তথ্য সংগ্রহ করবেন। আমরা শুধু সেই তথ্যই ব্যবহার করবো যা সত্যিই এই গবেষণার জন্য ব্যবহার করা প্রয়োজন।

গবেষণার বিষয়ে আপনার সাথে যোগাযোগ করতে, আপনার সেবার জন্য গবেষণার বিষয়ে প্রাসঙ্গিক তথ্য রেকর্ড করা হয়েছে কি না তা নিশ্চিত করতে এবং গবেষণার মান পর্যবেক্ষণ করতে আমরা কিছু

শনাক্তযোগ্য তথ্য (যেমন- নাম, জন্ম তারিখ)ব্যবহার করবো। NHS হাসপাতালের কর্মীরা সুরক্ষিত পদ্ধতিতে ওয়ারউইক ইউনিভার্সিটিতে এই বিবরণগুলি পাঠাবেন। গবেষণার ডেটা সুরক্ষিতভাবে রাখা হবে এবং শুধুমাত্র অনুমোদিত কর্মীদের দ্বারা ব্যবহারযোগ্য হবে। শুধুমাত্র বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ভূমিকা পালনকারী ব্যক্তিরা (যেমন- ডেটা সংগ্রহ অডিট করা, আপনার ডেটাকে অন্যান্য NHS ডেটার সাথে সংযুক্ত করা) আপনার শনাক্তযোগ্য তথ্য ব্যবহার করতে করতে পারবে।

ওয়ারউইক ইউনিভার্সিটি এবং গবেষণায় অংশ নেওয়া হাসপাতালগুলি গবেষণা শেষ হওয়ার পরে কমপক্ষে 10 বছরের জন্য আপনার সম্পর্কে তথ্য সংরক্ষণ করবে।

আপনার তথ্য ব্যবহার, পরিবর্তন বা সরানোর ক্ষেত্রে আপনার অধিকার সীমিত, কারণ গবেষণাকে নির্ভরযোগ্য ও নির্ভুল করার জন্য আমাদেরকে নির্দিষ্ট উপায়ে আপনার তথ্য পরিচালনা করতে হবে। আপনার অধিকার রক্ষার জন্য আমরা যথাসম্ভব সর্বনিম্ন ব্যক্তিগতভাবে-শনাক্তযোগ্য তথ্য ব্যবহার করবো।

ওয়ারউইক ইউনিভার্সিটি এবং নিয়ন্ত্রক সংস্থাগুলির ব্যক্তিরা গবেষণার যথার্থতা পরীক্ষা করতে আপনার মেডিকেল এবং গবেষণার রেকর্ডগুলি দেখতে পারেন।
তথ্য বিশ্লেষণকারী লোকেরা আপনাকে শনাক্ত করতে পারবেন না এবং আপনার নাম, NHS নম্বর বা CHI নম্বর অথবা যোগাযোগের বিস্তারিত জানতে পারবেন না।

এই গবেষণা প্রকল্পের শুরুতে আপনার সম্মতি সাপেক্ষে ভবিষ্যতের গবেষণার জন্যও তথ্যগুলি ব্যবহার করা হতে পারে। আপনি যদি এই গবেষণায় অংশ নিতে সম্মত হন তাহলে আপনার কাছে এই গবেষণা থেকে সংরক্ষিত তথ্য ব্যবহার করে ভবিষ্যতে অন্যান্য গবেষণায় অংশ নেওয়ার সুযোগ থাকবে এবং স্টেটের স্বাস্থ্য ও সামাজিক সেবা বিষয়ক সেক্রেটারির পরামর্শ অনুযায়ী, আপনার গোপনীয় তথ্য কোভিড-19 সংক্রান্ত প্রতিষ্ঠানসমূহের সাথে ভাগাভাগি করা হবে। (সেক্রেটারি অব স্টেটস হেলথ অ্যান্ড সোশ্যাল কেয়ারের (ইংল্যান্ড) এর প্রদানকৃত পরামর্শ উত্তর আয়ারল্যান্ডের রোগীদের তথ্যের ক্ষেত্রে প্রযোজ্য নয়)।

গবেষণাটি সম্পর্কে আমার কোনো প্রশ্ন, উদ্বেগ বা অভিযোগ থাকলে অথবা কিছু ভুল হলে কী হবে?
অনুগ্রহ করে বিস্তারিত তথ্য সম্বলিত লিফলেটটি দেখুন - এটি কীভাবে ব্যবহার করবেন তা উপরে বর্ণিত আছে।

গবেষণা সম্পর্কে আরও তথ্যের জন্য আমি কার সাথে যোগাযোগ করবো?
আপনার যদি কোনো প্রশ্ন থাকে তবে আপনার হাসপাতালের মেডিকেল টিমের সাথে কথা বলুন।
গবেষণা বিষয়ক আরও তথ্য গবেষণার ওয়েবসাইটেও পাওয়া যাবে (https://warwick.ac.uk/fac/sci/med/research/ctu/trials/recovery-rs/)।

এই তথ্য সম্বলিত লিফলেটটি পড়ার জন্য আপনাকে ধন্যবাদ